ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৪২
সোনামুড়া, ২৫ জুলাই, ২০২৫

**এমজিএন রাগায় বক্সনগর ব্লকে কৃষিভিত্তিক নানা কর্মসূচি বাস্তবায়ন**

এমজিএন রেগায় বক্সনগর ব্লকের বিভিন্ন পঞ্চায়েত এলাকায় কৃষির উন্নয়নের লক্ষ্যে কৃষিভিত্তিক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ণ করা হয়েছে। এরমধ্যে ২০২৫-২৬ অর্থবর্ষে দক্ষিণ কলমচৌড়া পঞ্চায়েত এলাকায় কৃষি কাজের জন্য জল সংরক্ষণের সুবিধার্থে একটি কমিউনিটি ওয়াটার হার্ভেস্টিং পুকুর খনন করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ৫ লক্ষ ৯৯ হাজার ১১৪ টাকা। গত বছর মাছ চাষের সুবিধার্থে আশাবাড়ি পঞ্চায়েতের ১ জন চাষীকে এবং উত্তর কলমচৌড়া পঞ্চায়েত এলাকার ২ জন মাছ চাষীকে ১টি করে ফিসারী ট্যাংক নির্মাণ করে দেওয়া হয়েছে। এক্ষেত্রে মোট ১৩ লক্ষ ১১ হাজার ৮৯৩ টাকা ব্যয় করা হয়। কৃষিকাজে জলসেচের সুবিধার্থে মানিক্যনগর পঞ্চায়েত এলাকাতে ১টি এবং ভেলোয়াড়চর পঞ্চায়েত এলাকাতে ১টি করে জল সংরক্ষণের জন্য সেচ ওয়াটার ট্যাংক খনন করা হয়েছে। এতে মোট ৬ লক্ষ ৭১ হাজার ১৯৩ টাকা ব্যয় হয়েছে। এছাড়াও চাষাবাদের সুবিধার্থে জল সংরক্ষণ করে রাখার ব্যবস্থাপনা হিসাবে বিজয়নগর পঞ্চায়েত এলাকাতে ১টি এবং উত্তর দয়ালপাড়া পঞ্চায়েত এলাকাতে ১টি মাটির চেকড্যাম নির্মাণ করে দেওয়া হয়েছে। একাজে মোট ৩ লক্ষ ২ হাজার ২৬২ টাকা ব্যয় হয়েছে। বক্সনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****